ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



একের পর এক ফ্লপ-ক্যারিয়ার শেষ: মুখ খুললেন অক্ষয়

ct 7

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

বুমরাহকে প্রশংসায় ভাসালেন পন্টিং

ct 8



Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০১২ ● কলকাতা ● ২৭ পৌষ, ১৪৩১ ● রবিবার ● ১২ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# কাশ্মীরে উন্নয়নযজ্ঞ! সোনমার্গের সুড়ঙ্গের ছবি পোস্ট করে মোদীকে সাধুবাদ ওমর আবদুল্লাহর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সোমবার শ্রীনগর-লাদাখ জাতীয় সড়ক প্রকল্পের আওতায় সোনমার্গের জেডমোরহ সুড়ঙ্গের উদ্বোধন করতে কাশ্মীরে যাবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইতিমধ্যেই তাঁর আগমন ঘিরে তুঙ্গে প্রস্তুতি। চারিদিকে সাজোসাজো রব। এই আবহেই প্রস্তুতি পর্ব সরেজমিনে খতিয়ে

এরপর ৩ পৃষ্ঠায়

# বাংলাদেশ থেকে বস্তা বস্তা আরডিএক্স ঢুকেছে ভারতে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মালবাহী জাহাজকে চালিয়ে নিয়ে যাওয়া সম্ভব? একজনের পক্ষে কী একটা জাহাজকে ঘাটে নোঙর করানো সম্ভব? বাংলাদেশ জলপথ পরিবহণ ব্যবসায়ী সমিতি সাফ বলে দিল, সম্ভব নয়। বাংলাদেশ পুলিশ গাঁজাখুরি গল্প খাওয়াচ্ছে। মেঘনা নদীতে আল-বাখেরা জাহাজে ঠিক কী ঘটেছে, তা গোপন করতেই গল্প ছড়ানো হচ্ছে। ব্যাপারটা আর হিন্দুদের মধ্যেই সীমাবদ্ধ নেই। ইউনূস সরকারের ফতোয়ায় এবার প্রথা মতো বড়দিন পালন করতে পারেননি বাংলাদেশের খ্রীস্টানরা। নববর্ষ পালনেও একাধিক ফতোয়া জারি করেছে। আতসবাজি পোড়ানো নিষিদ্ধ। ফানুস ওড়ানো যাবে না। চার্চে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রার্থনা ও অন্য আচার শেষ করতে হবে ইত্যাদি, ইত্যাদি।তা হলে কী ভারতীয় গোয়েন্দাদের আশঙ্কাই সত্যি?

সত্যিই আল - বাখেরা জাহাজে চাপিয়ে ভারতে ঢোকানোর জন্য আরডিএক্স আনা হয়েছিল? আর সেটা চিরদিনের জন্য ধামাচাপা দিতেই জাহাজের প্রধান নাবিক সহ ৬ কর্মীকে

এরপর ৩ পাতায়




# সোলার লিফটিং ইরিগেশন পদ্ধতিতে চাষ, ২৫ কোটি টাকা বরাদ্দ করল রাজ্য



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**ঘাটাল:** সৌরশক্তি পরিচালিত পাম্পের সাহায্যে বদলে যাচ্ছে ঘাটাল, দাসপুরের কৃষি অর্থনীতি। যার পোশাকি নাম সোলার লিফটিং ইরিগেশন। এর জন্য রাজ্য সরকার মোট ২৫ কোটি টাকা বরাদ্দ করেছে। কিন্তু কেন কৃষিক্ষেত্রে এই প্রযুক্তিতে জোর দেওয়া হচ্ছে? জানা যাচ্ছে, ফি বছরই দাম বাড়ছে বিদ্যুতের। ঘাটাল পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি বিকাশ কর বলেন, “সোলার লিফটিং ইরিগেশনের সাহায্যে নদী বা খাল থেকে সবজি চাষিদের জন্য জল জোগানো হচ্ছে। এর জন্য সবজি চাষিদের কোনও অর্থ ব্যয় করতে হচ্ছে না। কৃষিতে এ এক যুগান্তকারী পরিবর্তন।” দাসপুর ২ নম্বর ব্লকে সোলার লিফটিং ইরিগেশন রূপায়ণের দায়িত্বে রয়েছেন দাসপুর দুই নম্বর পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ প্রদীপ পোড়েল। তিনি বলেন, “এই ব্যবস্থার ফলে কৃষি অর্থনীতির চেহারাটাই বদলে যাচ্ছে আমাদের এই ব্লকে। কেন না এর জন্য সবজি চাষিদের কোনও অর্থ ব্যয় করতে হচ্ছে না। সম্পূর্ণ বিনা পয়সায় মিলছে এই পরিষেবা।”আর সেই বিদ্যুতের বিল মেটাতে হিমশিম খাচ্ছেন চাষিরা। বিল মেটাতে না পারায় অনেক চাষিই মিনি শ্যালো বা সাব মার্সিবল পাম্প বন্ধ করে দিতে বাধ্য হচ্ছেন। সেই সমস্যার সমাধানে এগিয়ে এল কৃষিদপ্তর। এবার বিনা পয়সায় চাষ করতে পারবেন ঘাটাল মহকুমার সবজি চাষিরা। বিদ্যুতের বিল মেটানোর ঝামেলা পোহাতে হবে না তাঁদের।

কৃষি দপ্তরের ঘাটাল মহকুমা এগ্রি মেকানিক্যাল বা কৃষি যন্ত্রপাতি বিভাগ জানিয়েছে, দাসপুর ১ ও ২ নম্বর ব্লক, ঘাটাল ব্লকে মোটি ২৫টি সোলার রিভার লিফটিং ইরিগেশন বসছে। তার ফলে কোনও বিদ্যুতের বিল মেটানোর ঝামেলা থাকছে না চাষিদের। বিনা পয়সায় মিলবে পরিষেবা। নদী বা খাল থেকে জল তুলে জোগান দেওয়া হবে সবজি ও ধান চাষিদের। তার জন্য কোনও চাষিকে গাঁটের কড়ি গুনতে হবে না। সৌরশক্তির সাহায্যে পরিচালিত হবে পাম্পগুলি। ঘাটাল মহকুমা কৃষি দপ্তরের (মেকানিক্যাল) অ্যাসিস্ট্যান্ট ঘাটাল, দাসপুর ১ ও ২ ব্লকে, বিনা পয়সায় ইঞ্জিনিয়ার সুশীল মণ্ডল বলেন, “নদী বা খাল থেকে মেশিনের সাহায্যে জল তোলার জন্য এতদিন প্রচলিত বিদ্যুতের ব্যবহার করা হত। এবার সেই মেশিনগুলি চলবে সৌরশক্তির সাহায্যে। এমনকী ভূগর্ভস্থ জলও তোলা যাবে সৌরশক্তির সাহায্যে পরিচালিত পাম্পের দ্বারা। এগুলি মূলত সবজি চাষের জন্য ব্যবহার করা হবে। ঘাটাল মহকুমায় মোট ২৫টি সৌরশক্তি পরিচালিত পাম্প ও স্প্রিংলার মেশিন বসছে। ইতিমধ্যেই ২৩টি বসে গিয়েছে। এর মধ্যে ১৬টি পাম্প বসছে। বাকি সাতটি বসছে স্প্রিংকলার মেশিন। যার সাহায্যে সহজেই একজন কৃষক তাঁর জমিতে বৃষ্টির ধারার মতো করে সবজিতে জল সিঞ্চন করতে পারবেন।”

ঘাটাল মহকুমায় মোট ২৫টি সৌরশক্তি পরিচালিত পাম্প ও স্প্রিংলার মেশিন বসছে।

তিনি আরও বলেন, “সেই জল চারাগাছের তলায় নেমে আসবে। বাকি দু'টি পাম্প বসানোর কাজ চলছে। ঘাটাল, দাসপুর ১ ও ২ নম্বর ব্লকেই বসছে এই সৌরশক্তি পরিচালিত পাম্পগুলি। বাকি দুটি সোলার আরএলআই বসানোর কাজ চলছে।” জানা গিয়েছে, এর জন্য মোট ২৫ কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য কৃষিদপ্তর। প্রতিটি স্কিমের জন্য খরচ পড়ছে ২৫ লক্ষ ২৫ হাজার ৫৩৪ টাকা। দাসপুর দুই নম্বর ব্লকেই বসেছে ১৫টি সোলার আরএলআই পাম্প। প্রতিটি পাম্পের সাহায্যে অন্তত ৫০ একর জমিতে জল সরবরাহ করা যাবে। দাসপুর ২ নম্বর ব্লকের রূপনারায়ণ, গোমরাই, পলাশপাই, দুর্বাচটি, শোলাটোপা খাল ও ঘাটালের ঝুমি প্রভৃতি নদী থেকে জল তোলা হবে এই সৌরশক্তি পরিচালিত পাম্পের সাহায্যে।

## বিষাক্ত স্যালাইন রাজ্য জুড়ে - নীরবতা পালন করছে রাজ্যের স্বাস্থ্য দপ্তর

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

মেদিনীপুরের বিষাক্ত স্যালাইনে মৃত্যু একজনের, গুরুতর অসুস্থ আরও তিনজন প্রসূতি। এই ঘটনায় উত্তাল হয়ে ওঠে সারা বাংলা। আর তার পরেই সামনে আসে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার ভয়াবহ অবস্থা। এবার কোনও গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র নয়, রাজ্যের সেরা সুপার স্পেশালিটি হাসপাতাল এসএসকেএম-এও ‘বিষ’ স্যালাইন! শনিবারই সামনে এল সেই ছবি। শুক্রবার এই একই সংস্থার স্যালাইনে মেদিনীপুর মেডিক্যাল কলেজে মৃত্যু হয়েছে এক প্রসূতির। আরও চার প্রসূতির অবস্থা আশঙ্কাজনক। ডায়ালিসিস করে তাঁদের বাঁচানোর চেষ্টা

এরপর ৩ পাতায়









# মেদিনীপুরে জাল স্যালাইনে মৃত্যু এক প্রসূতির

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

স্যালাইনে মৃত্যু এক প্রসূতির! মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে এই প্রসূতি মৃত্যুর নেপথ্যে কালো তালিকাভুক্ত সংস্থার স্যালাইনকেই দায়ী করা হচ্ছে। গত এক বছর আগে কালো তালিকাভুক্ত হওয়া ওই সংস্থার ফের সরকারি হাসপাতালে বরাত পাওয়ার পিছনে কি সেই নর্থ বেঙ্গল চক্র, এমনই অভিযোগ উঠে এল প্রসূতি মৃত্যুকে ঘিরে। এদিকে কলকাতায় স্থানান্তরিত হওয়ার সাথে সাথে মেদিনীপুর মেডিক্যাল কলেজের অধ্যক্ষ মৌসমী নন্দী, এমএসভিপি সহ ওয়ার্ড মাস্টারের দপ্তরে তালা পড়েছে। আধিকারিকরা কেউই ক্যাম্পাসে নেই। যতক্ষণ না পর্যন্ত



আধিকারিকদের কেউ দপ্তরে এসে ডেপুটেশন নিচ্ছেন, ততক্ষণ পর্যন্ত দপ্তরের সামনে ছাত্র-যুব - মহিলাদের অবস্থান বিক্ষোভ চলবে বলে জানানো হয়েছে সংগঠনগুলির পক্ষ থেকে।তাঁকে যে স্যালাইন দেওয়া হয়েছিল তাতে ছত্রাকের মতো কিছু ভাসতে দেখা যায় বলে অভিযোগ। ওই ভেজাল স্যালাইনের জেরে আরও ৩ প্রসূতির অবস্থা আশঙ্কাজনক বলে জানা গিয়েছে।

এই ঘটনার প্রতিবাদে শুক্রবার বিকালে এসএফআই, ডিওয়াইএফআই, গণতান্ত্রিক মহিলা সমিতির পক্ষ থেকে ডেপুটেশন কর্মসূচি নেওয়া হয়। তবে তাঁদের সময় দিয়েও আধিকারিকরা এর অনেক আগেই দপ্তরে তালা চাবি লাগিয়ে গা ঢাকা দেন বলে অভিযোগ। শুক্রবার গভীর রাত পর্যন্ত প্রশাসনিক দপ্তরগুলির সামনে ছাত্র যুব মহিলাদের বিক্ষোভ অবস্থান চলেছে। বৃহস্পতিবার মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে সরকারি স্যালাইনে একের পর এক প্রসূতি অসুস্থ হওয়ার ঘটনায় ৫ জনকে তড়িঘড়ি আইসিইউ এবং সিসিইউ-তে

এরপর ৫ পাতায়

(১ম পাতার পর)

# বাংলাদেশ থেকে বস্তা বস্তা আরডিএক্স ঢুকেছে ভারতে



খুন করা হয়? অন্তত তেমন সম্ভাবনাই দেখা যাচ্ছে। কেন এই কথা উঠছে? বাংলাদেশের জলপথ পরিবহণ সমিতি ওই দেশের পুলিশকে যে চিঠি দিয়েছে, তার থেকে কয়েকটা লাইন পড়লে বিষয়টা বোঝা যায়।

চিঠির বক্তব্য, অভিযুক্ত ব্যক্তি আকাশ ওরফে ইসমাইল জাহাজের মালবাহক হিসাবে কাজ করত। জাহাজ চালানোর কোনও অভিজ্ঞতা নেই। অথচ পুলিশ যা বলছে, তাতে দেখা যাচ্ছে, অভিযুক্ত আকাশ, একাই দু-ঘণ্টা জাহাজ চালিয়ে নিয়ে গিয়েছে। এটা অসম্ভব, হাস্যকর বটে। কখনই একজনের পক্ষে সেটা সম্ভব নয়। পুলিশ কী ঢাকা দেওয়ার চেষ্টা করছে তা জানা নেই।

গত বৃহস্পতিবার একটি এক্সক্লুসিভ খবর দিয়েছিল টিভি৯ বাংলা। জানানো হয়েছিল এই জাহাজ নিয়ে ভারতীয় গোয়েন্দা সংস্থার হাতে চাঞ্চল্যকর ইনপুট এসেছে। তাঁদের কাছে খবর, ভারতে বিস্ফোরণের জন্য ওইসব জাহাজে করে আইডিএক্স পাঠিয়েছে পাক গোয়েন্দা সংস্থা। পাকিস্তান থেকে চট্টগ্রাম বন্দর হয়েও বিস্ফোরক ঢুকেছে।

এই খবরে কার্যত শিলমোহর দিয়ে শনিবার আওয়ামি লিগ দাবি করে, হ্যাঁ, পাকিস্তান থেকে বস্তা, বস্তা বিস্ফোরক চট্টগ্রামে ঢুকেছে। যদি সত্যিই জাহাজে করে বিস্ফোরক আনা হয়, তা হলে সেগুলো কোথায় গেল? কোন পথে সেগুলো ভারতে আনার ছক ছিল? কাদের জন্য সেগুলো আনা হচ্ছিল? এখনও পর্যন্ত স্পষ্ট নয়।

নৌ-সেনা, আইবি, উপকূলরক্ষা বাহিনী সব সংশ্লিষ্ট রাজ্যগুলির পুলিশকে সতর্ক করা হয়েছে।

একদিকে বাংলাদেশে সংখ্যালঘুদের উপর হামলা থামার নাম নেই। অন্যদিকে, সংখ্যালঘুদের জমি, বাড়ি দখলেও সক্রিয় ওদেশের কিছু কট্টরপন্থী লোকজন। ধর্মান্তরিত হতে রাজি না হওয়ায় হিন্দুদের কুপিয়ে খুন করছে কট্টরপন্থীরা।

ব্যাপারটা আর হিন্দুদের মধ্যেই সীমাবদ্ধ নেই। ইউনুস সরকারের ফতোয়ায় এবার প্রথা মতো বড়দিন পালন করতে পারেননি বাংলাদেশের খ্রীস্টানরা। নববর্ষ পালনেও একাধিক ফতোয়া জারি করেছে। আতসবাজি পোড়ানো নিষিদ্ধ। ফানুস ওড়ানো যাবে না। চার্চে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রার্থনা ও অন্য আচার শেষ করতে হবে ইত্যাদি, ইত্যাদি।

বাংলাদেশে সংখ্যালঘুদের উপর নির্যাতন বন্ধে রাষ্ট্রসংঘের হস্তক্ষেপ চাইছেন বিভিন্ন প্রবাসী বাংলাদেশি সংখ্যালঘুরা। বিশেষত ভারত, আমেরিকা, ব্রিটেন ও ফ্রান্সের কাছে এই নিয়ে উদ্যোগী হওয়ার আবেদন জানিয়েছেন তাঁরা। কিন্তু এসব করে আদৌ কিছু হবে কী? সরকার যেখানে কট্টরপন্থীদের কাছে আত্মসমর্পণ করে মজা দেখছে, সেই দেশের মাটিতে সুবিচারের আশা করা যায়, সোনার পাথর বাটির মতোই নয় কি?

(২ পাতার পর)

# বিষাক্ত স্যালাইন রাজ্য জুড়ে - নীরবতা পালন করছে রাজ্যের স্বাস্থ্য দপ্তর

চলছে। তারপরও ছবিটা বদলাল না। শুধু এসএসকেএম নয়, ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজ, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ, মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতাল, যেদিকে তাকাবেন, সেখানেই এই ছবি। কোথায় গেলো স্বাস্থ্যমন্ত্রীর সাবধান বাণী? কোথায় গেলো স্বাস্থ্য দপ্তরের পর্যবেক্ষণ?

স্বাস্থ্য ভবন বলার পরও রাজ্যের সর্বত্র যে ছবি দেখা গেল, তাতে প্রশ্ন উঠছে, প্রশাসন কি আরও মৃত্যুর জন্য অপেক্ষা করছে? কর্নাটকে যে স্যালাইনে প্রসূতি মৃত্যু হয়েছিল, সেই স্যালাইনেই মৃত্যু হয়েছে মেদিনীপুর মেডিক্যাল কলেজে এক প্রসূতির। এই ঘটনায় রীতিমতো অস্বস্তিতে স্বাস্থ্য দফতর। বিতর্কিত সংস্থার সবকটি প্রোডাক্টের ব্যবহার বন্ধ করা হবে বলে আশ্বাস দিয়েছিল স্বাস্থ্য ভবন। কিন্তু কার বা কাদের নির্দেশে এখনও চলেছে সেই বিষাক্ত স্যালাইনের ব্যবস্থা? এই প্রশ্নের কোনো উত্তর নেই।

(১ম পাতার পর)

# কাশ্মীরে উন্নয়নযজ্ঞ! সোনমার্গের সুড়ঙ্গের ছবি পোস্ট করে মোদীকে সাধুবাদ ওমর আবদুল্লাহর

দেখতে ময়দানে নামলেন কাশ্মীরের সদ্য নির্বাচিত মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ।কাশ্মীর মুখ্যমন্ত্রীর এহেন পোস্টে অনেকটাই আপ্লুত খোদ প্রধানমন্ত্রী। এদিন এক্স মাধ্যমে ওমর আবদুল্লাহর পোস্টে প্রত্যুত্তর দিয়ে প্রধানমন্ত্রী মোদী লেখেন, 'সোনমার্গ যাওয়ার জন্য অকূল আগ্রহে অপেক্ষা করছি। আর আপনি এই সুড়ঙ্গের মাধ্যমে সেখানকার স্থানীয় অর্থনীতি ও পর্যটনের বিষয়ে একদম ঠিক দিকটিই তুলে ধরেছেন।'

উল্লেখ্য, আগামী সোমবার জেডমোরহ সুড়ঙ্গের উদ্বোধনে কাশ্মীর সফরে যেতে চলেছেন প্রধানমন্ত্রী। তিন মাস আগেই এই সুড়ঙ্গ তৈরি হয়ে গিয়েছে বলে খবর। অবশেষে এবার হবে উদ্বোধন। অন্যদিকে, কাশ্মীরের আরও একটি অন্যতম সুড়ঙ্গ প্রকল্প জোজিলা টানেল তৈরি হয়ে যাবে আগামী বছরের মধ্যেই।

এদিন সোনমার্গের জেডমোরহ সুড়ঙ্গের কাছে পৌঁছে যান তিনি। রাজনৈতিক বিভেদ ভুলে প্রধানমন্ত্রীর আগমন ঘিরে প্রস্তুতি কেমন চলছে, সেই বিষয়টিও খতিয়ে দেখেন তিনি। এমনকি, প্রধানমন্ত্রীর তত্ত্বাবধানে কাশ্মীরে চলা উন্নয়নকেও ইঙ্গিতে সাধুবাদ মুখ্যমন্ত্রী।

এদিন অধুনা টুইটার, বর্তমানে X মাধ্যমে তাঁর সোনমার্গের কিছু মুহূর্তের ছবি পোস্ট করে ওমর আবদুল্লাহ লেখেন, 'প্রধানমন্ত্রী আগমন ঘিরে সোনমার্গ কতটা তৈরি তা খতিয়ে দেখতেই সেখানে গিয়েছিলাম। জেডমোরহ সুড়ঙ্গের উদ্বোধনের মাধ্যমে সোনমার্গে গোটা বছরই এবার ভিড় বাড়বে পর্যটকদের। উন্নয়ন হবে এলাকার। যার জেরে আর স্থানীয় মানুষজনদেরও এলাকা ছেড়ে চলে যেতে হবে না। এছাড়াও, এবার কার্গিল ও লেহ-তে যাওয়ার ঝক্কি অনেকটাই কমবে।'

## সম্পাদকীয়

### কোচবিহার যেন 'ভারত-চিন' সীমান্ত

কাঁটাতারের বেড়া দেওয়া নিয়ে শুক্রবার দফায় দফায় ভারত এবং বাংলাদেশের একাধিক সীমান্তে উত্তেজনা ছড়ায়! কার্যত নজিরবিহীন ভাবে বিজিবির আস্ফালন দেখা যায়। শুধু তাই নয়, ভারতের মাটিতে দাঁড়িয়ে ভারতীয় নাগরিকদেরই হুমকি দিতেও দেখা যায় বর্ডার গার্ড বাংলাদেশের জওয়ানদের।কিন্তু শুক্রবার সকাল থেকে এই বেড়া দেওয়ার কাজ শুরু করলেই তাদেরকে বাঁধা দেয় বিজিবি এবং সীমান্তবর্তী বাংলাদেশী মানুষেরা। এরপরই তর্কাতর্কিতে জড়িয়ে পড়ে উভয়পক্ষ। পরবর্তীতে বিএসএফের উপস্থিতিতে অনেকাংশে এই কাঁটাতারের বেড়া দিতে সক্ষম হন তারা। তবে এই উত্তেজনা বেশি দূর গড়ায়নি। কিন্তু এই ঘটনার পর বাড়তি সতর্কতা রয়েছে সীমান্তরক্ষী বাহিনীর পাশাপাশি পুলিশ প্রশাসনেরও বলে সূত্রে খবর।

যদিও পরে বিএসএফ পৌঁছতেই কার্যত 'লেজ গুটিয়ে' পালায় তারা। আর এই ঘটনার ২৪ ঘন্টা পরেও থমথমে সীমান্ত এলাকা।

কোচবিহার জেলার মেখলিগঞ্জের বাগডোকরা ফুলকাডাবরি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত আঙ্গারপোতা দহগ্রাম ভারত এবং বাংলাদেশ সীমান্ত (India-Bangladesh Border) এলাকায়। সেখানেও কাঁটাতার দেওয়ার কাজ চলছিল। আর তাতেই আপত্তি জানায় বিজিবি। যদিও সেই হুমকি উড়িয়ে আজ শনিবার বেশ কিছু এলাকা জুড়ে এই কাঁটাতারের বেড়া দেওয়ার কথা ছিল স্থানীয় বাসিন্দাদের।

তবে নতুন করে যাতে অশান্তি না হয় সেজন্য সতর্ক বিএসএফ। মানুষকে ওই এলাকা থেকে সরিয়ে দেওয়া হয়েছে। শুধু তাই নয়, বাড়ানো হয়েছে জওয়ানের সংখ্যা। স্থানীয় মানুষের দাবি, সীমান্তের ওপারে অর্থাৎ বাংলাদেশের দিকেও বিজিবি জওয়ানের সংখ্যা বাড়িয়েছে। বিভিন্ন জায়গায় বাঙ্কার তৈরি করা হয়েছে বলে খবর।

সেই ক্যাম্প থেকে নজর রাখছে বিজিবি। যদিও তাতে যে কিছু যায় আসে না তা ইতিমধ্যে বুঝিয়ে দিয়েছে বিএসএফ। শীর্ষ আধিকারিকরা স্পষ্ট জানিয়েছেন, বিএসএফ দায়িত্ব সম্পর্ক ওয়াকিবহাল। কোনও অংশেই যে এক ইঞ্চি জমিও যে ছাড়া হবে না তাও বুঝিয়ে দিয়েছে বিএসএফ।

জানা যায়, শুক্রবার সীমান্তের কাঁটাতারহীন প্রায় দেড় কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া দিতে সক্ষম হয়েছেন গ্রামবাসীরা। তবে এখনও আরও দু' কিলোমিটার কাঁটাতারের বেড়া দেওয়া বাকি রয়েছে বলে জানা যায়। খুব শীঘ্রই তা শেষ হবে বলে খবর। জানা যায়, দীর্ঘদিন ধরেই উন্মুক্ত এই ভারত-বাংলাদেশ সীমান্ত। এর ফলে পাচার চক্র সক্রিয় বহুদিন থেকেই। শুধু তাই নয়, প্রতিনিয়ত সমস্যার সম্মুখীন হতে হয় সংশ্লিষ্ট ওই সীমান্ত এলাকার বাসিন্দাদের।

বিশেষ করে উন্মুক্ত ওই সীমান্ত এলাকায় চাষের জমিতে বিভিন্ন চাষাবাদ করা হলে পার্শ্ববর্তী বাংলাদেশের বিভিন্ন গ্রাম থেকে গৃহপালিত পশুরা এসে প্রতিনিয়ত নষ্ট করে এই ফসল। এই সমস্ত সমস্যা সুরাহার উদ্দেশ্যেই সংশ্লিষ্ট এই এলাকার বাসিন্দারা ঐক্যবদ্ধ হয়ে নিজেদের খরচেই কাঁটাতারের বেড়া দেওয়ার উদ্যোগ গ্রহণ করেন।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)



আয়োজন করে স্বর্গ-মর্ত-পাতালের সুর-অসুর, দেবতা সবাইকে আমন্ত্রণ জানালেও দেবাদিদেবকে আমন্ত্রণ পাঠান নি। এতে দেবাদিদেব রুষ্ট না হলেও তিনি নিজের স্ত্রী পার্বতী কে না করেছিলেন দক্ষযজ্ঞে যেতে। কিন্তু পার্বতী দেবাদিদেবের কথা না মেনেই দক্ষযজ্ঞে যান। সেই যজ্ঞানুষ্ঠানে পিতা দক্ষ পার্বতীর সামনেই দেবাদিদেব মহাদেবের চলন-বলন, সাজ-সজ্জা নিয়ে কটূক্তি করেন। ভরা সভায় নিজ স্বামীর অপমান সহ্য করতে না পেরে পার্বতী যজ্ঞকুণ্ডেই আত্মাহুতি দেন। পার্বতীর মৃত্যুর খবর পেয়ে মহাদেব শুরু করলেন

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## মানুষ আমি দেবতা নই, আমারও ভুল হয়: নরেন্দ্র মোদি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিয়ে একটি পডকাস্ট তৈরি করেছেন জেরোধার সহ-প্রতিষ্ঠাতা নিখিল কামাথ। যেখানে মোদি তার ভুলের কথা অকপটে স্বীকার করেছেন। ওই পডকাস্টে মোদি বলেন, ভুল হবেই, কারণ আমি মানুষ, কোনো দেবতা নই।

পডকাস্টের ভিডিও প্রকাশের আগে, নিখিল কামাথ দুই মিনিটের একটি ট্রেলার প্রকাশ করেন।যেখানে নিখিল অনেক প্রশ্ন জিজ্ঞাসা করছেন, যার উত্তর দিচ্ছেন প্রধানমন্ত্রী মোদি।

পডকাস্টে নিখিল প্রধানমন্ত্রী মোদিকে প্রশ্ন করেছেন যে একজন যুবক যদি নেতা হতে চায়, তাহলে কি এমন কোনো প্রতিভা আছে যা পরীক্ষা করা যেতে পারে? এই প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী মোদি বলেন, ভালো মানুষের রাজনীতিতে আসা উচিত। এমন মানুষ যারা উচ্চাকাঙ্ক্ষা নিয়ে নয় মিশন নিয়ে আসে।মোদিকে জিজ্ঞাসা করা হয় কেউ যদি মধ্যবিত্ত পরিবারে বড় হয়ে থাকে এবং শৈশব থেকে বলা হয় যে রাজনীতি একটি নোংরা জায়গা। তাহলে ভালো মানুষ রাজনীতিকে আসবে কীভাবে? এ নিয়ে কৌশলী উত্তর দিয়েছেন নরেন্দ্র মোদি। বলেন, এমনটা হলে দেশ চালানো সম্ভব হতো না।

পডকাস্টে মোদিকে বিশ্বে চলমান যুদ্ধ সম্পর্কেও জিজ্ঞাসা করা হয়। এ বিষয়ে প্রধানমন্ত্রী মোদি বলেন, এই সংকটের সময়ে আমরা ক্রমাগত বলে আসছি যে আমরা নিরপেক্ষ নই। তিনি বলেন, 'আমি প্রতিনিয়ত বলছি যে আমি শান্তির পক্ষে।'



## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

... শিবরাত্রিতে চার প্রহরে চারটি গঙ্গামাটির শিব গড়ে পূজা করবে।... ওই দিন রাত্রি জাগবে...' পুজোর উপকরণ সরল, বেলপাতা আর গঙ্গাজলই যথেষ্ট। জটিল মন্ত্রতন্ত্র কিছু নেই, দীর্ঘ প্রস্তুতিরও প্রয়োজন নেই। সাধে কি আর সবচেয়ে জনপ্রিয় ব্রত, সহজে পাপমুক্তি আর সপরিবার মঙ্গলের ব্যবস্থা!

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(২ পাতার পর)

# মেদিনীপুরে জাল স্যালাইনে মৃত্যু এক প্রসূতির

স্থানান্তরিত করা হয়। এই ঘটনায় তুমুল বিক্ষোভে দেখান পরিবার পরিজনরা। শুক্রবার সেই ৫ জন প্রসূতির মধ্যে এক জনের মৃত্যু হয় এবং ৩ জন কোমায় চলে গিয়েছেন।

ঘটনায় মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে তুমুল বিক্ষোভ শুরু হয়। মুহূর্তে রণক্ষেত্র হয়ে ওঠে গোটা এলাকা। অন্যদিকে প্রসূতি বিভাগ মাতৃমা ভবন সহ আইসিইউ'র সামনে পরিবার পরিজনদের কান্নার রোল পড়ে যায়, হাহাকার করতে থাকেন পরিবারের সদস্যরা। তা সামাল দিতে বিশাল পুলিশ বাহিনী সহ র্যোফ নামানো হয়। তাতেও বিক্ষোভ থামেনি। তড়িঘড়ি তদন্ত কমিটি ঘোষণা করে দায় এড়ানোর চেষ্টা করে হাসপাতাল কর্তৃপক্ষ।বিক্ষোভকারী এবং অসুস্থ পরিবারের সদস্যদের ক্ষোভ, ''কী আর তদন্ত হবে! তিলোত্তমা'র ঘটনায় জড়িতদের আড়াল করা হয়েছে। আর জি কর হাসপাতালে সীমাহীন দুর্নীতির বিরুদ্ধে মুখ খোলায় কর্মরত মহিলা চিকিৎসককেই ধর্ষণ করে নৃশংসভাবে খুন করা হয়েছে। সেই তথ্য লোপাট করে যে সরকার ও তার প্রশাসন, সেই প্রশাসন ভেজাল স্যালাইনে এক জন গরিব পরিবারের রোগীর মৃত্যুতে ন্যায় বিচার দেবে, তা আশা করা যায় না।মৃত প্রসূতি মায়ের নাম মামনি রুইদাস, বাড়ি গড়বেতা থানা এলাকায়। বুধবার ভোর রাতে অস্ত্রোপচারে পুত্রসন্তান জন্মানোর পর তাঁকে শয্যায় দেওয়া হয়। বৃহস্পতিবার স্যালাইন দেওয়ার পর অসুস্থ হয়ে পড়েন। একটি নির্দিষ্ট ব্যাচের স্যালাইনে একের পর এক প্রসূতির শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। তার মধ্যে ৫ জনকে তড়িঘড়ি আইসিইউ এবং সিসিইউ-তে স্থানান্তরিত করা হয় ওই দিন সন্ধ্যায়। তাঁদের মধ্যে মামণি রুইদাসের মৃত্যু হয় শুক্রবার। আরও ৩ জন কোমায় আচ্ছন্ন। এছাড়া আরও ৪৯ জন অসুস্থ হয়েছেন।প্রাথমিকভাবে মেয়াদ উত্তীর্ণ স্যালাইনের অভিযোগ উঠলেও প্রকৃত তথ্য উঠে আসে বিক্ষোভের পর। ২০২৪ সালের আগস্ট মাসে তৈরি স্যালাইন বোতলে ২০২৬-এর জুলাই পর্যন্ত ব্যবহারের মেয়াদ উল্লেখ করা আছে। কিন্তু স্যালাইনের বোতলের ভিতরে ছত্রাকের মতো কিছু ভাসছে, তা স্পষ্টই দেখা গিয়েছে। এ নিয়ে তীব্র আলোড়ন হয় হাসপাতাল ক্যাম্পাসে। খবর পৌঁছায় স্বাস্থ্য দপ্তরেও। মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে এমন ঘটনায় উঠে আসে শিলিগুড়ির সংস্থা 'পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালস'-এর সরবরাহ করা 'রিঙ্গার্স ল্যাকটেট' (স্যালাইন) এর বিরূপ প্রতিক্রিয়ার কথা। চিকিৎসকদের তরফে জানা গিয়েছে, এর আগে বারুইপুর মহকুমা হাসপাতালেও ওই সংস্থার তৈরি রিঙ্গার্স ল্যাকটেট নিয়ে অভিযোগ উঠেছিল। ড্রাগ কন্ট্রোল বিভাগ থেকে গত ১০ ডিসেম্বর সংশ্লিষ্ট সংস্থাকে উৎপাদন ও সরবরাহ বন্ধের নির্দেশ দেওয়া হয়েছিল। অভিযোগ, তা সত্বেও তৃণমূল সরকারের বদান্যতায় খোদ মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্য মন্ত্রীর নিজের বিভাগের ছাড়পত্রে সেই সংস্থার স্যালাইন সহ ১৪টি নিম্নমানের ও ভেজাল ওষুধ সরকারি হাসপাতালে একছত্র আধিপত্য নিয়ে কারবার চালিয়ে যাচ্ছে।

স্বাস্থ্য দপ্তর ভেজাল ওষুধের ঘটনায় তড়িঘড়ি সমস্ত সরকারি হাসপাতালকে ওই সংস্থার তৈরি নির্দিষ্ট ব্যাচ নম্বরের রিঙ্গার্স ল্যাকটেট সহ মোট ১৪ ধরনের ওষুধ ও স্যালাইন ব্যবহার বন্ধ করার নির্দেশ দিয়েছে। জন বিক্ষোভের আঁচ পেয়ে তদন্তের জন্য স্বাস্থ্য দপ্তর এবং ড্রাগ কন্ট্রোল থেকে গঠিত হয়েছে দু'টি পৃথক তদন্ত কমিটি।গত বছর নভেম্বর মাসে কর্নাটকের বেল্লারি জেলা হাসপাতালে চার প্রসূতির অস্ত্রোপচারের পর মৃত্যুর ঘটনার তদন্তেও উঠে এসেছিল 'পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালস'-এর নাম। ওই হাসপাতালে 'রিঙ্গার্স ল্যাকটেট' সরবরাহ করত পশ্চিমবঙ্গের এই সংস্থা। বিভিন্ন পরীক্ষায় ব্যর্থ হওয়ায় গত মাসেই কর্নাটক সরকার কালো তালিকাভুক্ত করেছিল শিলিগুড়ির এই সংস্থাকে। এ বার মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রসূতি মৃত্যুর ঘটনাতেও ওই সংস্থার তৈরি করা রিঙ্গার্স ল্যাকটেটের বিরূপ প্রতিক্রিয়াই দায়ী, এমন চাঞ্চল্যকর তথ্য দিচ্ছে চিকিৎসক মহলও। এই প্রসঙ্গে পশ্চিম মেদিনীপুর জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক সৌম্যশঙ্কর ষড়ঙ্গী বলেন, 'ড্রাগ কন্ট্রোল নমুনা সংগ্রহ করেছে। কোথা থেকে কী হয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে।'মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সুপার জয়ন্ত রাউত অবশ্য বলেন, ওই প্রসূতিদের চিকিৎসায় কী কী ওষুধ ব্যবহার করা হয়েছিল তা জানানো হয়েছে স্বাস্থ্য ভবনকে। বিষয়টি তদন্ত সাপেক্ষ। উল্লেখ্য মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিবার পরিজনদের বিক্ষোভ বন্ধ করতে শুক্রবার বিকালে কলকাতায় স্থানান্তরিত করা হয়েছে ৫ জনের মধ্যে ৪ জন অসুস্থ প্রসূতিকে।



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264

Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




(৩ পাতার পর)

# নবদ্বীপ আদালতের সশরীরে হাজিরা দিয়ে জামিন নিলেন প্রাক্তন সাংসদ অর্জুন সিং

নিলেন। ২০২০ সালের ১৭ ই জুলাই নবদ্বীপ থানায় ১৮৮, ১৮৬, আই পি সি ধারায় কেস হয়। ভালুকা বটতলায় একটি মিটিং করেছিলেন।সেই কেসের আজ তিনি জামিন নিলেন। জামিন নেওয়ার পর সাংবাদিকদের মুখোমুখী হয়ে রাজ্য সরকার ও পুলিশ প্রশাসনের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে দিলেন তিনি। ১৭৪ টা মামলা আছে সমস্ত থানায় ঘুরে ঘুরে জামিন নিতে হচ্ছে, মমতা দিদি এটি খুব ভালো পারেন বিরোধীদের কেস দিতে। এর পাশাপাশি কাঞ্চন মল্লিকের বিল নিয়েও তীব্র কটাক্ষ করতে ছাড়েননি। জঙ্গি বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন এরাজ্যের বিভিন্ন জায়গায় একাধিক জঙ্গি ধরাপড়ছে কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে। রাজ্য সরকারকে তীব্র কটাক্ষ করে বলেন মমতা ব্যানার্জীর পুলিশ কোন কাজ করছে না। জঙ্গিদের জায়গা এই পশ্চিমবঙ্গ, বাংলাদেশের অনুপ্রবেশদের এই জায়গা ঘাঁটি। ২০২১ সালে ১২০০ অনুপ্রবেশ কারী ধরেছে ২০২৪ ও অনেক ধরা হয়েছে। কিন্তু সরকার দায়ী করছে বিএসএফকে। বিএসএফের যারা কর্মরত তারা ভয় পান মমতা দিদিকে, গালাগালি করেন, কেস দিয়ে দেন। এই কারণে বিএসএফ ধরলেও ১৫ দিনের মধ্যে তাদের ছেড়ে দেওয়া হয়। কারণ তারা দু বছরের জন্য চাকরি করতে আসেন এই বাংলায়।

বাংলাদেশে যে হিন্দুদের উপর নির্যাতন হচ্ছে ডোনাল্ড ট্রাম আসলে কি ঠিক হয়ে যাবে এই প্রশ্ন করা হলে তার উত্তরে তিনি বলেন বিষয়টা সমস্ত আলোচ্য বিষয়ক,কারণ সমস্ত দেশ নিয়েই এই অনুপ্রবেশকারীর বা সনাতনী হিন্দুদের উপর অত্যাচার করা এটা ঠিক নয়। ভারতবর্ষের মোদি সরকার যে পদক্ষেপ নিচ্ছেন আশা করা যাচ্ছে হিন্দু নিধন বন্ধ করা সম্ভব হবে।আর অনুপ্রবেশকারীদের একদিনের মধ্যে তো আটক করা যাবে না সময় লাগবে কেন্দ্রীয় সরকার ব্যবস্থা নিচ্ছে।

# সল্টলেকে বিজেপি দপ্তরে বিক্ষোভ শ্রমিক সংগঠনের, শান্ত করলেন শমীক

বেবি চক্রবর্তী :কলকাতা

কেন্দ্রীয় সরকারের একশো দিনের কাজের টাকা কেন পাওয়া যাচ্ছে না? তিন বছর থেকে বাংলা প্রাপ্য একশো দিনের টাকা থেকে বঞ্চিত। সেই প্রশ্ন তুলে সল্টলেকে বিজেপির রাজ্য দপ্তরের সামনে চলল বিক্ষোভ। একের পর এক স্লোগানে চাপ বাড়ানো হল বঙ্গ বিজেপির নেতাদের উপর।

শনিবার বেলায় সল্টলেক সেক্টর ফাইভে বিজেপি অফিসের সামনে জড়ো হন পশ্চিমবঙ্গ খেতমজুর সমিতি, শ্রমজীবী মহিলা সমিতি-সহ একাধিক সংগঠনের প্রায় ১০০ জন।

'তিন বছর ধরে ১০০ দিনের কাজের টাকা বন্ধ কেন বিজেপি সরকার জবাব দাও।' এই স্লোগান তোলা হয়। বিক্ষোভের কারণে পরিস্থিতি ক্রমেই উত্তপ্ত হচ্ছিল। সেসময় বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য ওই



অফিসের সামনে গিয়ে পৌঁছন। তাঁর উদ্দেশেও বিক্ষোভকারীরা স্লোগান তুলতে থাকেন।সাময়িক মেজাজ হারান শমীকও। বিক্ষোভকারীদের এই দাবি নিয়ে নবান্নে যেতে পালটা উপদেশ দেন তিনি। বলেন, "এটা কোনও সরকারি দপ্তর নয়, এটা বিজেপির কার্যালয়।" তাঁর পালটা অভিযোগ, বিক্ষোভকারীদের এখানে কোনও রাজনৈতিক দল পাঠিয়েছে। পুলিশ যদি বিক্ষোভকারীদের না সরায়, তাহলে তাঁরাই সরিয়ে দেবেন। সেই কথাও বলা হয়। এরপরেও বিক্ষোভকারীরা দমে না গিয়ে, আরও বেশি স্লোগানিং শুরু হয়। বিক্ষোভকারীরা বিজেপি নেতৃত্বের কাছে ডেপুটেশন দেওয়ার দাবিও তুলেছিলেন।

বেশ কিছু সময় পেরিয়ে যাওয়ার পরে বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য তাঁদের সঙ্গে কথা বলতে রাজি হন। বিক্ষোভকারীদের প্রতিনিধি হিসেবে পাঁচজন কথা বলার জন্য ভিতরে যান। সাংসদের কাছে ডেপুটেশন দেওয়া হয়। পরে শমীক ভট্টাচার্য দপ্তরের বাইরে এসে কর্মীদের সঙ্গে কথা বলেন। তিনি জানান, এই দাবি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করবেন। কেন্দ্র সরকারের পক্ষ থেকে কী জানানো হয়, তা আগামী ৭ ফেব্রুয়ারির মধ্যে জানিয়ে দেবেন।রাজ্যে কেন্দ্রের একশো দিনের কাজের টাকা দীর্ঘদিন ধরে বন্ধ। তৃণমূল সরকার একাধিকবার এই বিষয়ে আবেদন করেছে কেন্দ্রের কাছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পর্যন্ত একশো দিনের কাজের টাকা পেতে জোরালো দাবি তুলেছেন। তারপরেও কেন্দ্রীয় সরকার সেই প্রাপ্ত টাকা দেয়নি।

# 'অবিভক্ত ভারত' অনুষ্ঠানে বাংলাদেশ-পাকিস্তানকে আমন্ত্রণ দিল্লির

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতের আবহাওয়া অধিদপ্তরের (আইএমডি) ১৫০ বছর পূর্তি উদযাপনের অংশ হিসেবে 'অবিভক্ত ভারত' শীর্ষক একটি সেমিনারে অংশ নিতে পাকিস্তান ও বাংলাদেশসহ প্রতিবেশী দেশগুলোকে আমন্ত্রণ জানানো হয়েছে। এটি ভারত সরকারের একটি ব্যতিক্রমী উদ্যোগ। মতপার্থক্য দূর করে ভারতীয় উপমহাদেশের ঐতিহ্যবাহী ইতিহাসকে সম্মিলিতভাবে উদযাপনের উদ্দেশ্যে এই আয়োজন করা হয়েছে বলে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি এ খবর জানিয়েছে।

খবরে বলা হয়েছে, পাকিস্তান, বাংলাদেশ, ভুটান, আফগানিস্তান, মিয়ানমার, মালদ্বীপ, শ্রীলঙ্কা ও নেপালকে আমন্ত্রণ জানানো হয়েছে। পাশাপাশি মধ্যপ্রাচ্য, মধ্য



ও দক্ষিণ-পশ্চিম এশিয়ার দেশগুলোর কর্মকর্তাদেরও এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে।

পাকিস্তান তাদের অংশগ্রহণ নিশ্চিত করেছে। তবে বাংলাদেশের অংশগ্রহণ নিশ্চিত হওয়ার অপেক্ষায় রয়েছে বলে জানিয়েছে বার্তা সংস্থা প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়া। যদি বাংলাদেশ এতে অংশগ্রহণ করে, তাহলে এটি একটি ঐতিহাসিক মুহূর্ত হিসেবে বিবেচিত হবে।

আবহাওয়া অধিদপ্তরের এক শীর্ষ কর্মকর্তা বলেছেন, আইএমডি প্রতিষ্ঠার সময় অবিভক্ত ভারতের অংশ ছিল এমন সব দেশের কর্মকর্তাদের আমরা এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়েছি।

অনুষ্ঠানটিকে স্মরণীয় করে তুলতে ভারতের বিভিন্ন মন্ত্রণালয় একযোগে কাজ করছে। অর্থ মন্ত্রণালয় এই বিশেষ উপলক্ষে ১৫০ টাকার একটি স্মারক মুদ্রা প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ উপলক্ষে প্রজাতন্ত্র দিবসের শোভাযাত্রায় আইএমডির ১৫০ বছরের অর্জনকে তুলে ধরার জন্য একটি বিশেষ ট্যাবলোর অনুমোদন দিয়েছে।

ভারতের আবহাওয়া অধিদপ্তর (আইএমডি) ১৮৭৫ সালের ১৫ জানুয়ারি প্রতিষ্ঠিত হয়। তবে আবহাওয়া পর্যবেক্ষণ শুরু হয়েছিল তারও অনেক আগে। ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সময় ১৭৮৫ সালে কলকাতা, ১৭৯৬ সালে মাদ্রাজ এবং ১৮২৬ সালে বোম্বেতে প্রথম আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়। ১৮৭৫ সালে এক ভয়াবহ ঘূর্ণিঝড় এবং ১৮৬৬ ও ১৮৭১ সালের বৃষ্টির মৌসুমে ব্যর্থতার পর ওই সময় বাংলায় দুর্ভিক্ষ দেখা দিয়েছিল। ব্রিটিশ প্রশাসন আবহাওয়া পর্যবেক্ষণের রেকর্ড ও বিশ্লেষণ একক সংস্থার অধীনে পরিচালনার সিদ্ধান্ত নেয়। সেখান থেকেই আইএমডির যাত্রা শুরু।

শুরুতে আইএমডির সদর দপ্তর ছিল কলকাতায়। ১৯০৫ সালে এটি শিমলায়, ১৯২৮ সালে পুনেতে এবং অবশেষে ১৯৪৪ সালে দিল্লিতে স্থানান্তরিত হয়।

সিনেমার খবর cinema TV

# একের পর এক ফ্লপ-ক্যারিয়ার শেষ: মুখ খুললেন অক্ষয়

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

নতুন বছরেই মুক্তি পাচ্ছে অক্ষয় কুমার অভিনীত বলিউড ছবি 'স্কাই ফোর্স'। কিন্তু গেল বছর একের পর এক বক্স অফিসে ফ্লপ করেছিল অক্ষয় অভিনীত ছবি। সে প্রসঙ্গে মুখ খুলেছেন বি-টাউনের এই খিলাড়ি। জানালেন, ফ্লপ হওয়ার ঘটনাই এবারই প্রথম নয়, তবে চেষ্টা চালিয়ে যেতে হবে।

৩৩ বছর ধরে কঠিন পরিশ্রমেই কেটেছে অক্ষয়ের ক্যারিয়ার। আর তা দিয়েই বক্স অফিসের খরা কাটাবেন বলেই স্থির করেছেন।




অক্ষয় কুমার তার একের পর এক ফ্লপ প্রসঙ্গে তখন বলেন, 'এটা তো প্রথমবারের জন্য না। কিন্তু এখানে সবথেকে ভালো জিনিস হল তুমি এভাবে কঠিন পরিশ্রম করে যাও। আমি নিজেকে সেটাই বলি। কেউ যদি আমার সঙ্গে এটা নিয়ে কথা বলেন, আমি তাকেও সেটাই বলি। কঠিন পরিশ্রম করে যাও।'

অক্ষয় কুমারকে আগামীতে স্কাই ফোর্স ছবিতে দেখা যাবে। সেই ছবির ট্রেলার প্রকাশ হলো সদ্যই। সেখানে এসেই সাংবাদিকদের সঙ্গে পরপর ফ্লপ নিয়ে কথা বলেন তিনি।

অক্ষয় এদিন আরও জানান, অনেকেই তাকে বছরে একটা বা বড় জোর দুটো ছবি করার পরামর্শ দিয়েছেন। অভিনেতা বলেন, 'কিন্তু আমি যদি কাজ করতে পারি, তাহলে আমি কেন করব না? আমার পুরো ক্যারিয়ার তো সেটার ওপরেই তৈরি। অনেকেই আমায় বলেছে কনটেন্ট দেখে ছবি না করার কথা। কিন্তু আমি সেটা ছাড়তে পারব না। আমি বিভিন্ন ধরনের ছবি করতে চাই।'

## চুপিসারে বিয়ের পিঁড়িতে অঙ্কুশ-ঐন্দ্রিলা?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

১৩ বছর প্রেমের পরে অবশেষে কি চুপিসারে বিয়ের পিঁড়িতে বসলেন অভিনেতা অঙ্কুশ হাজরা ও অভিনেত্রী ঐন্দ্রিলা সেন? সামাজিক যোগাযোগ মাধ্যমে তেমনই ইঙ্গিত দিলেন টলিউডের বহু চর্চিত এই তারকা জুটি।

কিছুদিন আগেই নতুন পথচলা শুরুর খবর দিয়েছিলেন তারা। জানিয়েছিলেন, শিগগিরই বিয়ের পিঁড়িতে বসতে চলেছেন।

এরই মধ্যে বিয়ের সাজে দেখা মিলেছে দু'জনের। ছড়িয়ে পড়েছে একাধিক ছবি।

লাল বেনারসি, সোনার গয়নায় সাবেকি সাজে দেখা গেল ঐন্দ্রিলাকে। মিষ্টি রঙের ধুতি-পাঞ্জাবিতে দেখা মিলল অঙ্কুশের। এমনকি, কালো শাড়ি ও পাঞ্জাবিতে রিসেপশনের লুকেও হাজির ছিলেন দু'জন।

সামাজিক যোগাযোগ মাধ্যমে অঙ্কুশ-ঐন্দ্রিলার বিয়ের সাজের ওই ভিডিও ছড়িয়ে পড়েছে। যা দেখেই হৈ চৈ সৃষ্টি। নেটিজেনরাও জানতে চাইছেন, তাহলে কি চুপিসারেই বিয়ে করে ফেললেন অঙ্কুশ-ঐন্দ্রিলা?

না, তেমনটা নয়। জনপ্রিয় ফ্যাশন ডিজাইনার অভিষেক রায়ের বিয়ের নতুন কালেকশনের প্রচারেই এই লুকে হাজির হয়েছিলেন অঙ্কুশ-ঐন্দ্রিলা।


এর আগে এক ভিডিওতে দেখা গেছে, ঐন্দ্রিলার শাড়ির কেনাকাটা চলছে তুঙ্গে, নিজের পাঞ্জাবি কেনার কথা বলতেও ছাড়লেন না অঙ্কুশ। ১৩ বছরের সম্পর্কের পর নতুন পথ চলার শুরু করছেন তারা, এমনটাই জানালেন। এরপরই বিয়ের সাজে হাজির হলেন দু'জন।

## রামচরণের সিনেমার প্রচারে এসেই দুই ভক্ত নিহত

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

আল্লু অর্জুনের থেকেই কি শিক্ষা নিলেন রামচরণ! গত ৪ ডিসেম্বর 'পুষ্পা ২: দ্য রুল' ছবির বিশেষ প্রদর্শনে গিয়ে পদপিষ্ট হয়ে মৃত্যু হয় এক নারীর। ঠিক এক মাস পর রাম চরণের ছবি 'গেম চেঞ্জার'-এর প্রচারেও ঘটে গেল প্রায় একই রকম অঘটন। ছবির প্রচারে যোগ দিতে এসে মৃত্যু হল নায়কের দুই ভক্তের।

'পুষ্পা ২: দ্য রুল'-এর বিশেষ প্রদর্শনে পদপিষ্ট হয়ে মৃত নারীর আট বছরের ছেলেও মারাত্মক জখম হয়। সেই দিন হায়দরাবাদের সন্ধ্যা প্রেক্ষাগৃহে উপস্থিত ছিলেন ছবির নায়ক অল্লু অর্জুন নিজে। তাই অভিযোগের আঙুল ওঠে তাঁর দিকে। মৃত নারীর পরিবারকে ক্ষতিপূরণ ও জখম বালকের চিকিৎসার ভার নেওয়ার দাবি তোলা হয়। বিস্তর জলঘোলার পর জামিন পেয়েছেন অল্লু। আগামী ১০ জানুয়ারি মুক্তি পাচ্ছে রাম চরণের ছবি 'গেম চেঞ্জার'। শনিবার রাতে অন্ধ্রপ্রদেশের রাজামহেন্দ্রভরম শহরে ছিল তাই এক প্রচার অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সেই অনুষ্ঠান থেকে ফেরার সময়ে মৃত্যু হল নায়কের দুই ভক্তের। আরভ মণিকান্ত ও থোকাড়া চরণ নামে দুই ভক্ত বন্ধুদের সঙ্গে ওই অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন। বাড়ি ফেরার পথে তাদের মোটরবাইকে



ধাক্কা মারে উল্টো দিক থেকে আসা একটি গাড়ি। মারাত্মক জখম অবস্থায় উদ্ধার করে তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। ওই প্রচারানুষ্ঠানে উপস্থিত ছিলেন অন্ধ্রপ্রদেশের উপমুখ্যমন্ত্রী পবণ কল্যাণও।

গেম চেঞ্জার'-এর অনুষ্ঠানে এসে এমন পরিণতি হওয়ায় ছবির প্রযোজক দিল রাজু দুই মৃতের পরিবারের জন্য মোট ১০ লক্ষ টাকা অনুদান ঘোষণা করেছেন। সোমবার প্রযোজনা সংস্থার তরফ থেকে এই ঘোষণা করা হয়। সংবাদমাধ্যমের কাছে রাজু বলেছেন, "এমন খুশির মুহূর্তে এই ধরনের ঘটনা খুবই দুঃখজনক। যে ভাবে সম্ভব আমি ওঁদের পরিবারের পাশে থাকব। শুরুটা করতে চাই ওদের প্রত্যেকের পরিবারকে পাঁচ লক্ষ টাকা করে দিয়ে। পরিবারের প্রতি আমার সমবেদনা রইল।"

আগামী ১০ জানুয়ারি মুক্তি পাচ্ছে শঙ্কর পরিচালিত ছবি 'গেম চেঞ্জার'। ছবিতে রাম চরণের বিপরীতে দেখা যাবে কিয়ারা আদভানিকে।

# উড়তে থাকা লিভারপুলকে আটকে দিল ইউনাইটেড



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ইংলিশ প্রিমিয়ার লিগে পয়েন্ট টেবিলের শীর্ষে থাকা লিভারপুলকে জিততে দিল ম্যানচেস্টার ইউনাইটেড।

৫ জানুয়ারি রাতে অ্যানফিল্ডে ম্যাচটি ২-২ গোলে ড্র হয়েছে। এতে টানা তিন ম্যাচের হারের পর অবশেষে ড্র করলো ম্যানইউ।

যদিও ম্যাচের একটা পর্যায় পর্যন্ত ২-১ গোলে পিছিয়ে ছিল ইউনাইটেড। তবে প্রতিপক্ষের মাঠ থেকে তারা ১ পয়েন্ট পাওয়া নিশ্চিত করে আইভরিকোস্টের ২২ বছর বয়সী ফরোয়ার্ড আমাদ দিয়ালোর গোলে। ইউনাইটেড অবশ্য জিতেই যেতে পারতো। যদি না হ্যারি ম্যাগুয়ার শেষ মিনিতে ১০ গজ দূর থেকে লিভারপুলের গোলকিপার আলিসনকে একা পেয়েও বার উঁচিয়ে না মারতেন।

তুষারপাতের কারণে ম্যাচ শুরু হওয়া নিয়েই সংশয় ছিল। তবে নির্ধারিত সময়েই শুরু হয় ম্যাচ। যেখানে গোলশূন্য প্রথমার্ধ শেষে ৫২তম মিনিটে আর্জেন্টাইন তারকা লিসান্দ্রো মার্তিনেজের গোলে এগিয়ে যায় ইউনাইটেড। তবে ৭ মিনিট পরেই কোডি গাকপোর গোলে সমতা ফেরায় লিভারপুল।

৭০তম মিনিট পেনাল্টি থেকে গোল করে স্বাগতিকদের এগিয়ে দেন মোহামেদ সালাহ। কিন্তু এর ১০ মিনিট পরে আমাদের গোল লিভারপুলের জয়ের আশা কেড়ে নেয়। আর চার ম্যাচ পর ড্রয়ের মুখ দেখলো রুবেন আমোরিমের দল।

লিগে এই ড্রয়ের পরও ৬ পয়েন্টে এগিয়ে শীর্ষে আছে লিভারপুল। ১৯ ম্যাচে তাদের সংগ্রহ ৪৬ পয়েন্ট। দ্বিতীয় স্থানে থাকা আর্সেনালের ২০ ম্যাচ থেকে ৪০ পয়েন্ট এসেছে। আর ৩৭ পয়েন্ট নিয়ে তিনে অবস্থান নটিংহ্যাম ফরেস্টের। তাদের চেয়ে ১ পয়েন্ট কম নিয়ে চারে আছে চেলসি। তবে নটিংহ্যামের চেয়ে চেলসি এক ম্যাচ বেশি খেলেছে। অপরদিকে ১৩তম স্থানে থাকা ইউনাইটেডের সংগ্রহ ২০ ম্যাচে ২৩ পয়েন্ট।

# বুমরাহকে প্রশংসায় ভাসালেন পন্টিং



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

১০ বছর পর বোর্ডার-গাভাস্কার ট্রফি ভারতের হাতছাড়া হয়েছে। ৩-১ ব্যবধানে সিরিজ হারলেও বল হাতে দারুন করেছেন দুই টেস্টে ভারতকে নেতৃত্ব দেওয়া যশপ্রীত বুমরাহ। ৯ ইনিংসে বোলিং করে নিয়েছেন ৩২টি উইকেট। স্বীকৃতিস্বরুপ হয়েছেন সিরিজসেরা।

মূলত ভারত যে প্রতিদ্বন্দ্বিতা করেছেন সেটা বুমরাহর বোলিংয়েই। ৩১ বছর বয়সী বুমরাহ সিরিজের পাঁচ টেস্টে ১৩.০৬ গড়ে ৩২ উইকেট শিকার করেছেন। ভেঙেছেন অস্ট্রেলিয়ার টেস্ট সিরিজে ভারতীয় বোলারদের সর্বোচ্চ উইকেট শিকারের রেকর্ড।

অস্ট্রেলিয়ার হয়ে সর্বোচ্চ ২৫ উইকেট শিকার করেছেন অধিনায়ক প্যাট কামিন্স। মাত্র তিন টেস্টেই ২১ উইকেট শিকার করেছেন স্কট বোল্যান্ড। ভালো করেছেন মোহাম্মদ সিরাজ, প্রসিধ কৃষ্ণরাও। শুধু সফরকারী বোলারদের নয়, সব মিলিয়েই সিরিজে ফাস্ট বোলারদের দাপটে মুগ্ধ সাবেক অজি তারকা রিকি পন্টিং।

বোর্ডার-গাভাস্কার ট্রফিতে বুমরাহর বোলিংকে সব সময়ের সেরা ফাস্ট বোলিং প্রদর্শন বলেছেন তিনি। পন্টিং বলেন, 'কোন সন্দেহ নেই, সম্ভবত এটা আমার দেখা সবচেয়ে ভালো ফাস্ট বোলিং সিরিজ। হ্যাঁ, এটা ফাস্ট বোলারদের জন্য ভালো কন্ডিশন ছিল। কিন্তু যখন আপনি বুমরাহকে অন্যদের সঙ্গে তুলনা দেখবেন, অন্যদের সঙ্গে তুলনা করলে, সে ব্যাটিংকে অনেক কঠিন করে তুলেছিল।'

'অস্ট্রেলিয়ার টপ-অর্ডারে অনেক ভালো ব্যাটসম্যানও আছেন, কিন্তু সে প্রতিবারই তাদের সবাইকেই বোকা বানিয়েছে।'— তিনি যোগ করেন।

# অবসর ভেঙে ৯২ মিটার ছক্কা হাঁকালেন কোচ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বিগ ব্যাশ লিগে ব্রিজবেন হিটের বিপক্ষে অবসর ভেঙে ব্যাটিংয়ে নামলেন সিডনি থান্ডারের সহকারী কোচ ড্যান ক্রিস্টিয়ান। জেভিয়ার বার্টলেটের বল স্কয়ার লেগের ওপর দিয়ে উড়িয়ে ৯২ মিটার ছক্কা হাঁকালেন তিনি! ধারাভাষ্যকার বললেন, 'কী চমৎকার শট।' ৪১ বছর বয়সেও পেশির জোর দেখালেন ক্রিস্টিয়ান। অথচ ২২ গজে নয়, তার থাকার কথা ছিল ডাগআউটে, দলের কোচিং স্টাফে।

২০২৩ সালের ফেব্রুয়ারিতে বিগ ব্যাশের সেমি-ফাইনালে সিডনি সিক্সার্সের হার দিয়ে পেশাদার ক্রিকেটকে বিদায় জানান ক্রিস্টিয়ান। তারপর থেকে সিডনি থান্ডারের সহকারী কোচ হিসেবে কাজ করছিলেন তিনি।


চলতি বিগ ব্যাশেও তিনি পালন করছিলেন একই দায়িত্ব। কিন্তু গত শুক্রবার পার্থ স্কর্চার্সের বিপক্ষে ফিল্ডিংয়ের সময় মুখোমুখি সংঘর্ষে মারাত্মক চোট পান থান্ডারের দুই ক্রিকেটার ক্যামেরন ব্যানক্রফট ও ড্যানিয়েল স্যামস। চোটে আগে থেকে বাইরে আছেন দলটির আরও চার ক্রিকেটার। তাই বদলি হিসেবে দলে যুক্ত করা হয় ক্রিস্টিয়ানকে।

গ্যাবায় সোমবার ব্রিজবেন হিটের বিপক্ষে ম্যাচ দিয়ে দুই বছর পর পেশাদার ক্রিকেট ম্যাচ খেলতে নামেন তিনি। আটে নেমে ২ ছক্কায় ১৫ বলে করেন অপরাজিত ২৩ রান। ডেভিড ওয়ার্নারের ফিফটি ও তার ক্যামিওতে ১৭৩ রানের পুঁজি গড়ে থান্ডার।

পরে ৪ ওভারে ২৫ রান দিয়ে ন্যাথান ম্যাকসুয়েনির উইকেট নেন ক্রিস্টিয়ান। তবে ম্যাচ হেরে যায় তারা ৫ উইকেটে। ম্যাক্স ব্রায়ান্টের ৩৫ বলে ৭২ রানের ঝড়ো ইনিংসে ব্রিজবেন লক্ষ্য ছুঁয়ে ফেলে ৭ বল বাকি থাকতে।

ক্রিস্টিয়ান ২০টি দলের হয়ে খেলেছেন মোট ৪১০ ম্যাচ। ১৩৭.৭৯ স্ট্রাইক রেটে রান ৫ হাজার ৮৪৮। বল হাতে নিয়েছেন ২৮১টি উইকেট।

# ভিনির নিষেধাজ্ঞা এড়াতে রিয়ালের আপিল



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

শুক্রবার রাতে লা লিগার ম্যাচে ভ্যালেন্সিয়ার মাঠে স্বাগতিকদের ২-১ গোলে হারিয়েছে রিয়াল মাদ্রিদ। সেই ম্যাচে সরাসরি লাল কার্ড দেখেছিলেন ভিনিসিয়ুস জুনিয়র। তার এই শাস্তির বিরুদ্ধে আপিল করেছে রিয়াল। কার্লো আনচেলত্তি আশাবাদী, নিষেধাজ্ঞার শাস্তি এড়াতে পারবেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড।

সেই ম্যাচের ৭৯তম মিনিটে ভ্যালেন্সিয়ার গোলরক্ষকের ঘাড়ে আঘাত করেন ভিনি। তাতে এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ডকে সরাসরি লাল কার্ড দেখান রেফারি। আনচেলত্তি আশাবাদী ন্যূনতম দুই ম্যাচ নিষিদ্ধের শাস্তি এড়াতে পারবেন ভিনি।

রিয়াল কোচ বলেন, 'এটা লাল কার্ডের (ফাউল) ছিল না, এটা ছিল হলুদ কার্ড। আর সে কারণে আমরা আশাবাদী, সে কোনো নিষেধাজ্ঞার মুখোমুখি হব না।'

কোপা দেল রের ম্যাচে সোমবার চতুর্থ স্তরের দল দেপোর্তিভা মিনেরার বিপক্ষে খেলবে রিয়াল। আনচেলত্তি জানিয়েছেন, দলের সঙ্গে সেদিন কার্তাজেনা যাবেন ভিনিসিয়ুস।

আনচেলত্তি বলেন, 'আমরা আশাবাদী, সে কোনো নিষেধাজ্ঞা পাবে না। কেবল দুই জন সামনের ম্যাচের জন্য যাবে না; গোলরক্ষক থিবো কোর্তোয়া ও ডিফেন্ডার অ্যান্টনিয়ো রুডিগার। বাকি সবাই এই সফরে যাবে।'

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১

● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR